

## কাতার সফর শেষে দেশে ফিরেছেন নৌবাহিনী প্রধান

কাতারে অনুষ্ঠিত ৬ষ্ঠ দোহা আন্তর্জাতিক সমুদ্র মহড়া ও প্রদর্শনী 'DIMDEX-2018' (Doha International Maritime Defence Exhibition and Conference-2018) এ অংশগ্রহণ শেষে বৃহস্পতিবার (১৫-০৩-২০১৮) দেশে ফিরেছেন নৌবাহিনী প্রধান এডমিরাল নিজামউদ্দিন আহমেদ। এসময় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে সহকারী নৌপ্রধান (অপারেশন্স) ও নৌ প্রশাসনিক কর্তৃপক্ষ ঢাকা তাকে স্বাগত জানান।

সফরকালে নৌপ্রধান উক্ত সমুদ্র মহড়া ও প্রদর্শনী উপলক্ষ্যে আয়োজিত মিডল ইস্ট নেভাল কমান্ডারস্ কনফারেন্সসহ বিভিন্ন কর্মসূচীতে অংশগ্রহণ করেন। সেখানে অবস্থানকালে তিনি কাতার নেভাল ফোর্সের প্রধান মেজর জেনারেল মোহাম্মদ নাসের আল মোহান্নাদি (Maj Gen Mohammed Nasser Al Mohannadi), ইতালীর নৌবাহিনী প্রধান এডমিরাল ভাল্টার জিরারদেল্লী (Admiral Valter Girardelli) এবং উক্ত মহড়ায় অংশগ্রহণকারী বিভিন্ন দেশের উর্ধ্বতন নৌ কর্মকর্তাদের সাথে সৌজন্য সাক্ষাতে মিলিত হন ও দিপ্লোম্যাটিক সামরিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। তাছাড়া তিনি উক্ত মহড়ায় অংশগ্রহণকারী নৌবাহিনী যুদ্ধজাহাজ বঙ্গবন্ধুসহ অন্যান্য দেশের যুদ্ধজাহাজ পরিদর্শন করেন। নৌ প্রধানের এ সফরের মধ্য দিয়ে কাতারসহ অংশগ্রহণকারী অন্যান্য দেশের সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও জোড়দার হবে বলে আশা করা যায়। উক্ত মহড়ায় যোগ দিতে নৌবাহিনী প্রধান গত ১১ মার্চ ২০১৮ তারিখে কাতারের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন।